জনশুমারিতে তথ্য দিন
উন্নয়নে অংশ নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
এসডিজি সেল
www.sid.gov.bd

নং: ৫২.০০.০০০০.০২৮.০৫.০২৯.১৯ (অংশ-২).১৯৬

তারিখ : ২২ পৌষ ১৪২৮ / ০৬ জানুয়ারি ২০২২

বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (**National Data Coordination Committee-NDCC**)'র ত্রয়োদশ সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ৩০/১২/২০২১ তারিখ অনুষ্ঠিত জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)'র ত্রয়োদশ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : কার্যবিবরণী ৩ (তিন) পাতা।

০৬/০১/২০২২

ড. দিপংকর রায়
উপসচিব
ফোন: ৫৫০০৭০৭৩
ই-মেইল: dr.roy.rd@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) সেগুনবাগিচা, ঢাকা।
১২. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন (বিল্ডিং নং-১৪), শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৫. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
১৬. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২. সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১-মতিঝিল বা/এ, ঢাকা।
২৩. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৪. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৯. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি), রমনা, ঢাকা।
৩৩. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/ প্রশাসন/ উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩৪. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
৩৫. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৩৬. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশি, নীলক্ষেত, ঢাকা।
৩৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩৯. মহাপরিচালক (খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট-FPMU), খাদ্য মন্ত্রণালয়, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪০. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪২. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৪৩. মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৪. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
৪৫. প্রকল্প পরিচালক, এটুআই (a2i) প্রোগ্রাম, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
৪৬. যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪৭. জনাব মোঃ মনিরুল ইসলাম, যুগ্মসচিব, (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪৮. চেয়ারম্যান, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০, মতিঝিল সি/এ, ঢাকা।
৪৯. প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, সেক্টর#১৭, ব্লক# H-1, উত্তরা, ঢাকা ১২৩০।
৫০. প্রেসিডেন্ট, বাংলাদেশ নিটওয়্যার্স ম্যানুফেকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্ল্যানার্স টাওয়ার (৫মতলা), ১৩/এ, সোনারগাঁ রোড, বাংলা মোটর, ঢাকা।
৫১. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি) বাড়ী #৬/২ (৮ম তলা) এফ ব্লক, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া, হাউজিং এস্টেট, ঢাকা-১২০৭।
৫২. পরিচালক, ইনস্টিটিউট অব স্ট্যাটিসটিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।
৫৩. পরিচালক, সেন্সাস উইং ও সদস্য-সচিব, জরিপ/শুমারি প্রস্তাব পরীক্ষা, অনুমোদন ও পরিবীক্ষণ কমিটি, বিবিএস, ঢাকা।
৫৪. পরিচালক, এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
৫৫. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), ঢাকা।
৫৬. উন্নয়ন সমন্বয় কর্মকর্তা, জাতিসংঘের আবাসিক প্রতিনিধির কার্যালয়, আইডিবি ভবন, ঢাকা।

<u>অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
এসডিজি সেল
www.sid.gov.bd

**বিষয়: জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)'র ত্রয়োদশ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ৩০/১২/২০২১ খ্রি. (বৃহস্পতিবার), বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | বিবিএস কনফারেন্স রুম, গ্রাউন্ড ফ্লোর, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলো। |

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

২.১ সভাপতি শুরুতেই সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)'র সার্বিক কার্যক্রমের বিষয়ে আলোকপাত করে সূচনা বক্তব্য প্রদান করেন। পরবর্তীতে সভাপতির নির্দেশে ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, আজকের এ সভায় বিগত ১২শ সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনাসহ (৩৯+১)টি এসডিজি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার +১ এর জেলা ও উপজেলার পরিমার্জিত সূচকসমূহ পর্যালোচনা ও অনুমোদন; হালনাগাদকৃত এসডিজি ডাটা ক্যালেন্ডার পর্যালোচনা ও অনুমোদন; International Indexসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ আবশ্যক। এ পর্যায়ে বিগত ১২শ সভার কার্যবিবরণীটি সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং সভাপতির অনুমতিক্রমে জনাব আকলিমা খাতুন, উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত উপস্থাপন করেন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | বিগত সভার সিদ্ধান্ত ২.২ (গ) এর অগ্রগতিতে সভাকে জানানো হয় যে, যেসকল কর্মকর্তা বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারী হিসেবে নিয়োজিত আছেন তারা বদলি হলে পরবর্তীকালে বদলিকৃত কর্মস্থলেও তাদেরকে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার এসডিজি উপাত্ত (Data) প্রদানকারী/অনুমোদনকারী হিসেবে নিয়োজিত রাখার অনুরোধ জানিয়ে এ বিভাগ হতে সকল মন্ত্রণালয়/বিভাগে/সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন যে, বিষয়টি একটু অন্যভাবে পুনরায় অনুরোধ করা যেতে পারে। কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারী যদি অন্যত্র বদলি হন এবং বদলিকৃত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় যদি পূর্বেই কর্মকর্তা নিয়োজিত থেকে থাকেন তাহলে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তাদের নিজস্ব বিবেচনায় এসডিজি সংক্রান্ত কাজে কর্মকর্তা নিয়োগ করতে পারেন, তবে অবশ্যই মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় একজন উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারীর পাশাপাশি একজন বিকল্প উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারী থাকা প্রয়োজন, যাতে এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানে কোন শূন্যতা তৈরি না হয়। প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম বলেন যে, এসডিজি বিষয়ক প্রশিক্ষণের ক্ষেত্রে মুক্তপাঠ প্লাটফর্মের ভিডিও টিউটোরিয়ালের সহযোগিতা নেয়া যেতে পারে। | ক) এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদানে যাতে কোন শূন্যতা তৈরি না হয় সে বিষয়টি লক্ষ্য রেখে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় একজন উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারীর পাশাপাশি বিকল্প উপাত্ত (Data) প্রদানকারী এবং অনুমোদনকারী নিয়োজিত করতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অনুরোধ করে পত্র প্রদান করতে হবে।<br>খ) মুক্তপাঠ প্লাটফর্মে এসডিজি বিষয়ক প্রশিক্ষণের ভিডিও টিউটোরিয়াল আপলোড করে লিংক এসডিজি ট্র্যাকারে দিতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে নতুন টিউটোরিয়াল প্রস্তুত করতে হবে। | ক) এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা<br>খ) এটুআই (a2i) প্রোগ্রাম |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.৩ | সভায় জানানো হয় যে, বিগত ১০ম সভায় বাংলাদেশের জন্য প্রযোজ্য ২৩টি আন্তর্জাতিক সূচকের ৫২৭টি ইন্ডিকেটরের উপর প্রস্তুতকৃত সারসংক্ষেপ উপস্থাপনা করা হয় এবং উপস্থাপনা মতে সিদ্ধান্ত গৃহীত হয় যে, এনডিসিসি'র বিষয়ভিত্তিক ০৯টি কারিগরি কমিটির সভায় আন্তর্জাতিক সূচকসমূহের বিষয়ে আলোচনার মাধ্যমে সূচকসমূহের Action Ministry এবং Data Provider নির্ধারণ করতে হবে। গত ১৮.০৯.২০২১-২৮.০৯.২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত বিষয়ভিত্তিক কারিগরি কমিটির সভাগুলোতে বিষয়টি আলোচনা হয়েছে। পরবর্তীতে, সূচকসমূহের তালিকায় Multi-dimensional Poverty Index (MPI) সংযোজনপূর্বক ৮টি থিমে বিভক্ত সূচকগুলোর উপর অদ্যকার সভার পূর্বেই ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে a2i প্রোগ্রাম এবং এসডিজি সেল, বিবিএস আন্তর্জাতিক সূচকসমুহের Action Ministry এবং Data Provider নির্ধারণসহ পূর্ণাঙ্গ একটি লিখিত প্রতিবেদন দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত ছিলো। এবিষয়ে প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম জানান যে, সূচকসমূহের তালিকায় MPI সংযোজন করা হয়েছে এবং গত ২৭.১২.২০২১ তারিখে Education ও Health Demography and Nutrition এদুটি থিমের উপর এসডিজি সেল, বিবিএস এবং a2i প্রোগ্রাম কর্তৃক যৌথভাবে একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। সভাপতি বলেন যে, কবে নাগাদ অবশিষ্ট থিমগুলোর উপর ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে Action Ministry এবং Data Provider নির্ধারণসহ পূর্ণাঙ্গ একটি লিখিত প্রতিবেদন দাখিল করা যাবে? পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম বলেন আগামী মার্চ ২০২২ নাগাদ পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করা যাবে। সভাপতি বলেন যে, আগামী ১৫ মার্চ ২০২২ এর মধ্যে আন্তর্জাতিক সূচকসমূহের Action Ministry এবং Data Provider নির্ধারণসহ পূর্ণাঙ্গ একটি লিখিত প্রতিবেদন দাখিল করতে হবে। | আগামী ১৫ মার্চ ২০২২ এর মধ্যে আন্তর্জাতিক সূচকসমূহের Action Ministry এবং Data Provider নির্ধারণসহ পূর্ণাঙ্গ একটি লিখিত প্রতিবেদন দাখিল করতে হবে। | এসডিজি সেল, বিবিএস এবং এটুআই (a2i) প্রোগ্রাম |
| ২.৪ | ড. দিপংকর রায়, উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, গত ২৭.১২.২০২১ তারিখে NDCC'র আওতাধীন "কৃষি" বিষয়ক কারিগরি কমিটি'র সভায় NPT 04 (আবাদযোগ্য জমির হার নূন্যতম ৫৫% বজায় রাখা)-এর আবাদযোগ্য জমির হার নির্ণয়ের জন্য ফর্মুলাটি বিস্তারিত তুলে ধরা হয়েছে এবং যাচাই করা হয়েছে। এবিষয়ে আলোচনায় অংশ নিয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি ব্যবহৃত ফর্মুলাটির বিষয়ে একমত পোষণ করেন। তিনি বলেন, মৃত্তিকা সম্পদ ইনস্টিটিউটের বিশেষজ্ঞদের সাথে আলোচনার মাধ্যমে ফর্মুলাটির সঠিকতার বিষয়ে তিনি অনেকটা নিশ্চিত হয়েছেন। তিনি আরও বলেন যে, সকলের সাধারণ ধারণা যে, আবাদযোগ্য জমির পরিমান দিন দিন কমে যাচ্ছে। বিবিএস প্রকাশিত পরিসংখ্যান এ ধারণার সাথে সঙ্গতিপূর্ণ নয়। এবিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা থাকা প্রয়োজন। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস | ক) সভায় আলোচনা অনুযায়ী বিবিএস পরবর্তীতে NPT 04-এর উপাত্ত প্রদানের ক্ষেত্রে ব্যাখ্যাসহ উল্লেখ করবে। | ক) কৃষি উইং, বিবিএস। |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বলেন যে, অনেক নদীতে নতুন চর জেগেছে, নদীর তীরের শুকনা অংশ চাষাবাদের অধীন আনা হচ্ছে। এছাড়া, বিলুপ্ত ছিটমহল অংশে যেসব জমিতে ফসল আবাদ হচ্ছে তা বাংলাদেশের আবাদী জমির হিসাবে ধরা হচ্ছে। অর্থ্যাৎ সূত্রে যেসব ক্যাটাগরির জমি ধরা হয়েছে তাতে কোন দ্বৈততা নেই।<br>এ পর্যায়ে, সভাকে জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগের লিখিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে NPT-24 (শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা)-এর পরিবর্তে 'শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা (উপজেলা ও ইউনিয়ন সড়ক)' পরিমার্জনের বিষয়ে পূর্বের ন্যায় 'এসডিজি-এর বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত জাতীয় কমিটি'-তে উত্থাপনের জন্য প্রেরণ করা যেতে পারে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় প্রতীয়মান হয় যে, সূচকটি অধিকতর বিশ্লেষণ করা প্রয়োজন। সভাপতি বলেন যে, বিষয়টি সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক কারিগরি কমিটিতে অধিকতর বিশ্লেষণ করতে হবে। | খ) NPT-24 (শতভাগ পাকা সড়ক নিশ্চিত করা) এর ক্ষেত্রে "আর্থ-সামাজিক" বিষয়ক কারিগরি কমিটিতে অধিকতর বিশ্লেষণ করতে হবে। | খ) এসডিজি সেল, বিবিএস, স্থানীয় সরকার বিভাগ এবং "আর্থসামাজিক" বিষয়ক কারিগরি কমিটি |
| ২.৫ | সভায় জানানো হয় যে, অগ্রাধিকার লক্ষ্যমাত্রা/সূচক +১ এর সূচকসমূহের চূড়ান্তকরণের বিষয়ে বিবিএস হতে পরিমার্জিত সূচকের প্রস্তাবনা এ সভায় উপস্থাপনের জন্য পুনরায় এ বিভাগে পাঠানো হয়েছে। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস বিষয়টি বিস্তারিতভাবে উপস্থাপন করেন। তিনি জানান যে, এসডিজি বাস্তবায়ন ও পর্যালোচনা সংক্রান্ত জাতীয় কমিটির ০৬ অক্টোবর ২০২১ তারিখের সভায় +১ এর বিষয়ে নীতিগত অনুমোদন দেয়া হয়েছে। বিগত এনডিসিসি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে উল্লেখিত পরিমার্জিত সূচকসমূহের উপর টেবিল ওয়ার্ক করে পুনরায় যাচাই করা হয়েছে। সূচকসমূহকে অভীষ্ট অনুযায়ী সামারীও করা হয়েছে। উপজেলাভিত্তিক বিশ্লেষণ করলে দেখা যায় যে, অভীষ্ট-২ কে সবচেয়ে বেশি প্রাধান্য দেয়া হয়েছে। সভাপতি জানতে চান যে, মাঠ পর্যায় থেকে সূচকগুলো যখন আনা হয়েছে তখন কিভাবে বাছাই করা হয়েছে? তারা কি এটা সহজেই পারবে এটা চিন্তা করে নিয়েছে বা তাদের উন্নয়নে কাজে লাগবে এমন বা তাদের এলাকার সাথে সামঞ্জস্যপূর্ণ সেভাবে নিয়েছে? জবাবে জনাব মো. মনিরুল ইসলাম, যুগ্মসচিব (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয় বলেন যে, এই সূচকগুলো নিয়ে জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী, বেসরকারী সিভিল সোসাইটি সকলকে নিয়ে জিআইইউ এর নেতৃত্বে ওয়ার্কশপ অনুষ্ঠানের মাধ্যমে নির্ধারণ করা হয়েছে এবং এটি মূলত জেলা এবং উপজেলার একটি উইশ লিষ্ট। এই সূচকগুলোর মধ্যে ২৬টি এসডিজি সূচক রয়েছে, যাদের মেটাডাটা রয়েছে। বাকি যে সূচকগুলো রয়েছে সেটিসহ +১ এর মেটাডাটা (সাব-ইন্ডিকেটরসহ) ঠিক করার জন্য ওয়ার্কশপ আয়োজন করা যেতে পারে এবং +১ এর অনুমোদন পরবর্তীতে +১-এর বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে লিড, কো-লিড ও সহযোগী নির্ধারণ করাও প্রয়োজন। মহাপরিচালক, জিআইইউ বলেন যে, +১ এর অনুমোদন পরবর্তীতে এসংক্রান্ত কার্যক্রম দ্রুত শুরু করা প্রয়োজন, না হলে এসডিজি স্থানীয়করণে আমরা পিছিয়ে যাবো। | ক) সভায় সর্বসম্মতিক্রমে পরিমার্জিত সূচকসমূহের অনুমোদন করা হয়। অনুমোদিত সূচকসমূহের তালিকা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে অবহিত রেখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) হতে পত্র মারফত জিইডি এবং জিআইইউ-তে প্রেরণ করতে হবে। একই সাথে +১-এর বাস্তবায়নের ক্ষেত্রে লিড, কো-লিড ও সহযোগী নির্ধারণের জন্যও অনুরোধ করতে হবে।<br>খ) ৩৯টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার যেগুলোর মেটাডাটা নেই অর্থ্যাৎ এসডিজি সূচক নয়, সেগুলোর মেটাডাটা প্রণয়ন/সংকলনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কার্যক্রম শুরু করবে।<br>গ) +১ এর সূচকসমূহের উপাত্তের উৎসসমূহ চিহ্নিত করে ডাটা ম্যাপিং প্রকাশ এবং এসডিজি ট্র্যাকারে তা সংযোজনের ব্যবস্থা গ্রহণ করবে। | ক) এসডিজি সেল, বিবিএস, এটুআই (a2i) প্রোগ্রাম এবং জিআইইউ।<br>খ) এসডিজি সেল, বিবিএস, এটুআই (a2i) প্রোগ্রাম এবং জিআইইউ।<br>গ) এসডিজি সেল, বিবিএস, এটুআই (a2i) প্রোগ্রাম এবং জিআইইউ। |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | এপর্যায়ে, সভাপতি উপস্থিত সকলের সম্মতির বিষয়ে আহবান জানালে সকলে +১ অনুমোদনের বিষয়ে একমত হন এবং সভায় সর্বসম্মতিক্রমে পরিমার্জিত সূচকসমূহের অনুমোদন করা হয়। অনুমোদিত সূচকসমূহের তালিকা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে অবহিত রেখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) হতে পত্র মারফত জিইডি এবং জিআইইউ-তে প্রেরণ করতে হবে। একই সাথে +১-এর বাস্তবায়নের ক্ষেত্রে লিড, কো-লিড ও সহযোগী নির্ধারণের জন্যও অনুরোধ করতে হবে যাতে সূচকসমূহ সঠিকভাবে বাস্তবায়ন করা যায়।<br>সভাপতি আরও বলেন যে, ৩৯টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রার যেগুলোর মেটাডাটা নেই অর্থ্যাৎ এসডিজি সূচক নয়, সেগুলোর মেটাডাটা প্রণয়ণ/সংকলনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কার্যক্রম শুরু করবে। এছাড়া, +১ এর সূচকসমূহের উপাত্তের উৎসসমূহ চিহ্নিত করে ডাটা ম্যাপিং প্রকাশ এবং এসডিজি ট্র্যাকারে তা সংযোজনের ব্যবস্থা গ্রহণ করবে। | | |
| ২.৬ | সভায় জানানো হয় যে, NDCC'র ৮ম সভায় অনুমোদিত BBS কর্তৃক প্রকাশিত 'Action Plan and Methodological Guidelines towards Data Generation & Disaggregation for Monitoring and Evaluation of SDGs' প্রকাশনাটিতে প্রদত্ত এসডিজি ডাটা ক্যালেন্ডার কোভিড পরবর্তী পরিস্থিতিতে বাস্তবতার নিরিখে পর্যালোচনাপূর্বক হালনাগাদ করার প্রয়োজনীয়তা অনুধাবন করে গত সভার সিদ্ধান্ত মোতাবেক এসডিজি সেল, বিবিএস হতে শুধুমাত্র যে সকল সূচকের যৌক্তিক টাইমলাইন হালনাগাদ করা প্রয়োজন সে সকল সূচকের টাইমলাইন হালনাগাদ করে প্রেরণের জন্য গত ০৭ অক্টোবর ২০২১ তারিখে ইমেইলে এসডিজি ডাটা ক্যালেন্ডার সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাগুলোতে প্রেরণ করা হয়। গত ৩০ অক্টোবর তারিখের মধ্যে পুনরায় মতামত প্রেরণের জন্য এসডিজি সেল, বিবিএস হতে অনুরোধ করা হয়। পরবর্তীতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাগুলো হতে এসডিজি ডাটা ক্যালেন্ডারের উপর প্রাপ্ত মতামতের ভিত্তিতে গত ২২ নভেম্বর ২০২১ তারিখে বৃহৎ পরিসরে কর্মশালা আয়োজনের মাধ্যমে প্রাপ্ত মতামতসমূহ Validate করা হয়েছে। এ সভায় অনুমোদিত হলে এসডিজি ডাটা ক্যালেন্ডার প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>সভাপতি বলেন যে, মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক শুধুমাত্র যেসকল সূচকের যৌক্তিক টাইমলাইন হালনাগাদ করে প্রেরণ করা হয়েছে সেগুলো সর্বমসম্মতিক্রমে অনুমোদন করা হলো। এরপরও যদি কারো কোন মতামত থাকে, তাহলে এসডিজি সেল, বিবিএস হতে ইমেইল প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জানাতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে মতামত না জানালে ক্যালেন্ডারটির বিষয়ে একমত রয়েছে মর্মে বিবেচনা করা হবে। | ক) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক শুধুমাত্র যেসকল সূচকের যৌক্তিক টাইমলাইন হালনাগাদ করে প্রেরণ করা হয়েছে সেগুলো সর্বমসম্মতিক্রমে অনুমোদন করা হলো। এরপরও ক্যালেন্ডারটির বিষয়ে যদি কারো কোন মতামত থাকে তাহলে এসডিজি সেল, বিবিএস হতে ইমেইল প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জানাতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে না জানালে ক্যালেন্ডারটির বিষয়ে একমত রয়েছে মর্মে বিবেচনা করা হবে।<br><br>খ) অনুমোদিত এসডিজি ডাটা ক্যালেন্ডারটি দ্রুততম সময়ে প্রকাশ এবং সে অনুযায়ী এসডিজি ট্র্যাকারে হালনাগাদ করতে হবে। | ক) এসডিজি সেল, বিবিএস এবং এসডিজি ডাটা প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা<br><br>খ) এসডিজি সেল, বিবিএস |
| ২.৭ | এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এসডিজি সেল, বিবিএস সভায় এসডিজি ডাটা প্রদানকারী প্রত্যেকটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাগুলোর এসডিজি ডাটা প্রদানের বর্তমান অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান, | যারা কোন ডাটা প্রদান করেনি, তাদেরকে নিয়ে দ্বিপক্ষীয় পৃথক সভা আয়োজন করতে হবে। | এসডিজি সেল, বিবিএস এবং |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ২১ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত এসডিজি'র ২৪৭ (২৩১)টি সূচকের মধ্যে ১৭৫ (১৬৭)টি সূচকের Baseline ডাটা রয়েছে। ৫০ (৪৭)টি সূচকের ২০২০ সালের হালনাগাদ ডাটা রয়েছে।<br>সভাপতি বলেন যে, যারা কোন ডাটা প্রদান করেনি, তাদেরকে নিয়ে দ্বিপক্ষীয় পৃথক সভা আয়োজন করতে হবে। একইভাবে যাদের বেজলাইন ডাটা আছে তারা যাতে হালনাগাদ ডাটা প্রদান করতে পারেন সেজন্য তাদের নিয়েও দ্বিপক্ষীয় পৃথক সভা আয়োজন করতে হবে। | একইভাবে যাদের বেজলাইন ডাটা আছে তারা যাতে হালনাগাদ ডাটা প্রদান করতে পারেন সেজন্য তাদের নিয়েও দ্বিপক্ষীয় পৃথক সভা আয়োজন করতে হবে। | এসডিজি ডাটা প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |

৪.০ এপর্যায়ে সভাপতি সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সবাই মিলে একটি সুন্দর ডাটা সিস্টেম গড়ে তুলতে হবে যাতে দেশের সার্বিক অবস্থা ফুটে উঠে এই প্রত্যাশা ব্যক্ত করে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধিদের আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০১/০২২

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব